



**চাবির শিক্ষা ও গবেষণা  
ইনস্টিটিউটের ছাত্রদের  
ক্লাস বর্জন অব্যাহত**

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥  
ভবিষ্যত কর্মজীবনের  
নিশ্চয়তার দাবিতে ঢাকা  
বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও  
গবেষণা ইনস্টিটিউটের  
(আইইআর) ছাত্রছাত্রীরা  
ক্লাস বর্জন অব্যাহত  
রেখেছে। সোমবার ক্লাস  
বর্জন কর্মসূচীর তৃতীয় দিন  
অতিবাহিত হলো। একই  
দাবিতে তারা গতকাল ঢাকা  
বিশ্ববিদ্যালয়ের উপাচার্য  
বরাবরশ্বারকলিপি  
দিয়েছে। উপাচার্যের

ভবিষ্যত কর্মজীবনের নিশ্চয়তার দাবিতে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষা ও গবেষণা  
ইনস্টিটিউটের ছাত্রছাত্রীরা হাইকোর্টের সামনে বিক্ষোভ করে

-জনকণ্ঠ

অনুপস্থিতে স্বারকলিপি গ্রহণ  
(৭-পৃষ্ঠা ৬-এর কং দেখুন)

(৮-এর পাতার পর)

**চাবির শিক্ষা**

করেন প্রক্টর ড. নজরুল ইসলাম। স্বারকলিপি  
শেষে ছাত্রছাত্রীরা জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থান  
ধর্মঘটের জন্য রওনা হলে হাইকোর্টের সামনে পুলিশ  
বাধা দেয়। তখন ছাত্রছাত্রীরা হাইকোর্টের সামনেই আধা  
ঘণ্টার মতো অবস্থান ধর্মঘট পালন করে।  
উপাচার্য বরাবর দেয়া স্বারকলিপিতে অবিলম্বে শিক্ষা  
(সম্মান) বিষয়কে বাংলাদেশ সরকারী কর্মকমিশনের  
(পিএসসি) অন্তর্ভুক্ত করা এবং বিষয়টিকে বিসিএস এ  
বতন্ত্র ক্যাডার হিসাবে চালু করার দাবি জানানো হয়।  
একই দাবিতে ছাত্রছাত্রীরা আজ মঙ্গলবার শিক্ষামন্ত্রী  
বরাবর স্বারকলিপি পেশ করবে।